# এক নজরে জেলা সমবায় কার্যালয়,খুলনা এর তথ্য

সর্বমোট নিবন্ধিত সমিতির সংখ্যা(সমবায় বিভাগীয় ও বিআরডিবি) : ২০০০ টি
০১। কেন্দ্রীয় : ২০ টি
বিভাগীয়- ১১টি
পউবো-- ০৯টি
০২। প্রাথমিক : ১৯৮০ টি
বিভাগীয় -১৩০০ টি
পউবো – ৬৮০ টি

- মোট বিভাগীয় প্রাথমিক সমিতির সংখ্যা : ১৩০০ টি,কার্যকর-১৬০৫টি, অকার্যকর- ২৮ টি।
- মোট সদস্য সংখ্যা-১৭,৯২,২১১ জন। পুরুষ – ১,১৭,০৩৫ মহিলা- ৬২,১৭৬ জন
- উৎপাদনমুখী সমিতির সংখ্যা : ০৪টি

## উল্লেখযোগ্য কতিপয় কর্মসূচী:

**‘‘দুগ্ধ সমবায় সমিতি বিস্তৃতকরণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দরিদ্র্য হ্রাসকরণ ও আর্থ সামাজিক উন্নয়ন’’ প্রকল্প :**

এ প্রকল্পের আওতায় ডুমুরিয়া এবং পাইকগাছা ০২টি উপজেলায় ০২টি সমিতি নিবন্ধিত আছে। প্রতিটি সমিতিতে যথাক্রমে ৩৩০.০০ ও ১৩৭.৫০ মোট ৪৬৭.৫০ টাকা মূল প্রকল্পে ঋণ প্রদান করা হয়েছে। উক্ত তহবিল ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত হচ্ছে। রয়েছে। বর্তমানে ঘূর্ণায়মান তহবিল যথাক্রমে ৫১৩ ও ২৪৩.৫ মোট ৭৫৬.৫ লক্ষ টাকা। প্রতিদিন উৎপাদিত দুগ্ধের পরিমাণ ১,০৮,৯৪৭ লিটার। এ প্রকল্পের মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার দরিদ্র ও সুবিধা বঞ্চিত মহিলারা স্বাবলম্বী ও আর্থিকভাবে লাভবান হবে এবং এলাকার দরিদ্র জনসাধারণ আর্থিকভাবে উপকৃত হবে।

## দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র হ্রাসকরণ ও আর্থ-সমাজিক উন্নয়ন

| ক্রঃনং | উপজেলার নাম | নিবন্ধিত সমিতির নাম | সদস্য সংখ্যা | ঋণ প্রদান (লক্ষ টাকায়) | ঋণ আদায় (লক্ষ টাকায়) | সার্ভিস চার্জ আদায় |
|---|---|---|---|---|---|---|
| ০১ | পাইকগাছা | পল্লী দুগ্ধ উৎপাদন সমবায় সমিতি লিঃ,পাইকগাছা। | ১৩৭ | ২৪৩.৫ | ১৫৩.৭৯ | ১৭.৬১ |
| ০৩ | ডুমুরিয়া | উত্তর ডুমুরিয়া দুগ্ধ সমবায় সমিতি লিঃ | ৩০০ | ৫১৩.০ | ৩৬৩.৭০ | ৩২.২৩ |
| | | মোট= | ৪৩৭ | ৭৫৬.৫ | ৫১৭.৪৯ | ৪৩.৮৪ |

## "উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প"

এ প্রকল্পের আওতায় ০২টি উপজেলায় ০২টি সমিতি নিবন্ধিত রয়েছে। প্রতিটি সমিতির ৪২২জন সুবিধা বঞ্চিত মহিলা সদস্যদের জনপ্রতি ১,২০,০০০/-(এক লক্ষ বিশ হাজার) টাকা করে মোট ৪৮০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়েছে।। উক্ত তহবিল ঘূর্ণায়মান তহিবল হিসেবে ব্যবহার করা হচ্ছে। বর্তমানে ঘূর্ণায়মান তহিবল ৪৯৯.৪৭ লক্ষ টাকা। এ প্রকল্পের মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার দরিদ্র ও সুবিধা বঞ্চিত মহিলারা স্বাবলম্বী ও আর্থিকভাবে লাভবান হবে। নারীর ক্ষমতায়ন হবে। প্রতিদিন উৎপাদিত দুগ্ধের পরিমাণ ১৭২৫০০ লিটার।

| ক্রঃনং | উপজেলার নাম | নিবন্ধিত সমিতির নাম | সদস্য সংখ্যা | ঋণ প্রদান (লক্ষ টাকায়) | ঋণ আদায় (লক্ষ টাকায়) | সার্ভিস চার্জ আদায় |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ডুমুরিয়া | স্বর্ণালী নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ | ১৩৬ | ২৪৮.০০ | ২৪৬.২৬ | ১৬.৬১ |
| ০২ | | বর্ণালী নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ | ১৩৮ | ২৫৫.০০ | ১৫৬.৫৮ | ১৬.৪৪ |
| ০৩ | বটিয়াঘাটা | চক্রাখালী নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ | ১০৮ | ১৫১.০০ | ১১৪.৮১ | ১০.৯৬ |
| ০৪ | | ছয়ঘরিয়া নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ | ১০৩ | ১৩৮.০০ | ১১১.৩ | ৮.৬৬ |
| | | মোট= | ৪৮৫ | ৭৯২.০০ | ৫২৮.৯৫ | ৫২.৩৯ |

## আশ্রয়ন/আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২),আশ্রয়ন-২ প্রকল্প

এ জেলায় ১০টি উপজেলা সমবায় কার্যালয়ের মাধ্যমে আশ্রয়ন প্রকল্পের ০২ টি সমিতির ২৮ টি ব্যারাকে ২৮০ টি পরিবারের পূনর্বাসন করা হয়েছে; আশ্রয়ন-২ প্রকল্পের ৪১ টি সমিতির ২০৭৯ টি ব্যারাকে ২৭০০ টি পরিবারের পূনর্বাসন করা হয়েছে এবং আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পের ২১ টি সমিতির ১৭৪ টি ব্যারাকে ১৭৮০ টি পরিবারের পূনর্বাসন করা হয়েছে। ঋণ আদায়ের হার সন্তোষজনক।

| প্রকল্পের নাম | প্রকল্পের সংখ্যা | বরাদ্দকৃত ঋণের পরিমান | দাদনকৃত ঋণের পরিমান | আসল আদায় | সার্ভিস চার্জ আদায় |
|---|---|---|---|---|---|
| আশ্রয়ন | ২ | ১৫,২১,৫০০/- | ৪৩,১৬,৫০০/- | ৪০,৮৬,২২৮/- | ৩,২৮,২৩৫/- |
| আশ্রয়ন -২ | ৪২ | ৫২,০০,০০০/- | ২১,৭৫,০০০/- | ১৮,৩৪,২৫৫/- | ১,৫১,০৩৯/- |
| আশ্রয়ন ফেইজ-২ | ২২ | ১,১৮,৩০,০০০/- | ১,৪৪,৭৭,৫০০/- | ৯৯,৪৪,৭৩৭/- | ৭,৯৫,৯৭৫/- |

## প্রশিক্ষণ সংক্রান্ত

এছাড়া ও জেলা সমবায় কার্যালয়, খুলনার সকল উপজেলার সমবায়ীবৃন্দদের আর্থ সামাজিক উন্নয়নে /পেশাগতভাবে দক্ষ করার নিমিত্তে চাহিদা মোতাবেক আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউড বয়রা, খুলনা ওবাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লায় সমবায় সমিতির সদস্যদের  বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দিয়ে থাকে।

| ক্রঃনং | প্রশিক্ষনের বিবরণ (সমবায় সমিতির সদস্যদের মধ্যে) | সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | আইজিএ (সেলাই)<br>আইজিএ (বেসিক কম্পিউটার)<br>আইজিএ (ক্রিষ্টাল শো-পিছ)<br>আইজিএ (ইলেক্ট্রিক্যাল)<br>আইজিএ (ব্লক বাটিক)<br>আইজিএ  (মোবাইল সার্ভিসিং)<br>হিসাব ও নিরীক্ষা<br>সমবায় উদ্যোক্তা সৃষ্টি<br>সমিতি ব্যবস্থাপনা | ১৫ (পনেরো) দিন<br>১০ (দশ) দিন<br>০৫ (পাঁচ) দিন<br>০৫ (পাঁচ) দিন<br>০৫ (পাঁচ) দিন<br>০৫ (পাঁচ) দিন<br>০৫ (পাঁচ) দিন<br>০৫ (পাঁচ) দিন<br>০৫ (পাঁচ) দিন | বাংলাদেশ সমবায় একাডেমী কোটবাড়ী, কুমিল্লা ও আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, খুলনায় সমবায় অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হারে সমবায়ীদের প্রশিক্ষণ ভাতা ও যাতায়াত ভাতা প্রদান করা হয়। |

অত্র  জেলার বিভিন্ন উপজেলায় স্থানীয়ভাবে আয়োজিত একদিন ব্যাপী ভ্রাম্যমান প্রশিক্ষণে অংশগ্রহন করতে পারেন। সেটা উপজেলা পর্যায়ে ৫টি সমবায় সমিতি হতে পাঁচ জন করে ২৫জনের অংশ গ্রহনে অনুষ্ঠিত হয়। সেখানে সমবায়ীরা অংশগ্রহন করতে পারেন। প্রত্যেক উপজেলায় সাম্প্রতিক সময়ে প্রতি অর্থ বছরে ০৪টি করে ভ্রাম্যমান প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির তথ্য

এ কার্যালয়ের অধীনে এলজিইডি এর আওতায় ১০টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি রয়েছে। সমিতিগুলি বিভিন্ন এলকায় ভেরীবাধ ও স্লুইচগেট নির্মানের মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার খাল বিলের পানি নিয়ন্ত্রন ব্যবস্থাপনা ও সেচ কার্যক্রমের মাধ্যমে প্রচুর মৎস্য উৎপাদনের পাশাপাশি নিজেদের স্বাবলম্বী করে তুলতে সক্ষম হয়েছে। সমিতিগুলির ঋণ গ্রহণকারী সদস্য সংখ্যা ৩২০ জন এবং দাদনকৃত ঋণের পরিমান ১৯.৫৫(লক্ষ টাকায়) । এ সমিতির আওতাধীন ৯৬৭ জন সদস্যর আত্মকর্মসংস্থানের সুযোগ হয়েছে এবং উপকারভোগী সদস্য সংখ্যা ৪০০৫ জন।

## মৎস্যচাষী/মৎস্যজীবি সমবায় সমিতির তথ্য

এ কার্যালয়ের অধীনে ২০৩ টি মৎস্যচাষী/মৎস্যজীবি সমবায় সমিতি রয়েছে। মৎস্য উৎপাদনে ও বিপননের মাধ্যমে ৭০৫২ জন মৎস্যচাষী/মৎস্যজীবি সমবায়ীর স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা রয়েছে। এ সকল সমিতিসমূহ মৎস্যচাষ করে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হওয়ার পাশাপাশি সংশ্লিষ্ট এলাকার আমিষের চাহিদা পূরণ করতে সক্ষম হয়েছে। মৎস্যচাষী সমবায় সমিতির তথ্য নিম্নরূপ :

| সমিতির সংখ্যা | সদস্য সংখ্যা | শেয়ার মূলধন | সঞ্চয় আমানত | কার্যকরী মূলধন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২০৩ | ৭,০৫২ | ৫,৫৬,৮০০/- | ১,২৮,৬২,০০০/- | ৩,২৯,৩৯,০০০/- | - |

## উৎপাদনমুখী সমবায় সমিতি সংক্রান্ত তথ্য

এ কার্যালয়ের অধীনে ০৪টি উপজেলায় ০৪টি উৎপাদনমূখী সমবায় সমিতি রয়েছে। মূলত এ সমিতিগুলির উৎপাদিত পন্য বিভিন্ন কৃষিজাত পণ্য,তার মধ্যে উল্লেখযোগ্য ধান, গমসহ বিভিন্ন ফসলাদি অন্যতম। সমবায়ের মাধ্যমে চাষাবাদের ফলে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হওয়ার পাশাপাশি সংশ্লিষ্ট এলাকার খাদ্যের ঘাটতি মেটাতে অনন্য ভুমিকা পালন করে উল্লেখযোগ্য সমিতিগুলি। উৎপাদনমূখী সমবায় সমিতির তথ্য নিম্নরূপ :

| উপজেলা | সমিতির নাম | সদস্য সংখ্যা | শেয়ার মূলধন | সঞ্চয় আমানত | ঋণ স্থিতি |
|---|---|---|---|---|---|
| ডুমুরিয়া | বৈঠাহারা বহুমূখী সমবায় সমিতি লিঃ | ৩৫২ জন | ৫৪,৮৭,৬০০/- | ৩,৬৯,৩৮,৮২৯/- | ২,৬২,৪৫,২১০/- |
| দাকোপ | রুপালি কৃষি উৎপাদনমূখী সমবায় সমিতি লিঃ | ৩২জন | ৩২০০০০/- | ১১৮৮৯৬৩/- | ৪৫৫০০০/- |
| বটিয়াঘাটা | এ্যাগো টেকনোলজি উৎপাদনমূখী সমবায় সমিতি লিঃ | ২০ জন | ৪৪০০০/- | ৪০০০০/- | ৮৫০০০/- |
| তেরখাদা | আলোর সন্ধানে কৃষি উৎপাদনমূখী সমবায় সমিতি লিঃ | ৩৮ জন | ১৪০০০/- | ৭৬৮০০/- | - |

## ২০২৪-২০২৫ অর্থ বছরে সমবায় সমিতি নিবন্ধন এবং নিবন্ধন ফি আদায় রাজস্ব মে/২০২৬ পর্যন্ত

| শ্রেনী | গতমাস পর্যন্ত নিবন্ধনকৃত সমিতির সংখ্যা | | | চলতি মাসে নিবন্ধন | নিবন্ধন বাতিল | মোট নিবন্ধনকৃত সমিতির সংখ্যা | | | গতমাস পর্যন্ত নিবন্ধন ফি আদায়ের পরিমাণ | চলতি মাসে নিবন্ধন ফি | মোট নিবন্ধন ফি আদায়ের পরিমাণ | চলতি মাস পর্যন্ত ভ্যাট আদায়ের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট | | | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট | | | | |
| সাধারণ | ১১ | ১২৯৭ | ১৩০৮ | ৩ | ০ | ১১ | ১৩০০ | ১৩১১ | ৮৭০০ | ৪২৫০ | ১২৯৫০ | ১৯৪৩ |
| পউবো | ৯ | ৬৮০ | ৬৮৯ | ০ | ০ | ৯ | ৬৮০ | ৬৮৯ | ০ | ০ | ০ | ০ |
| মোট= | ২০ | ১৯৭৭ | ১৯৯৭ | ৩ | ০ | ২০ | ১৯৮০ | ২০০০ | ৮৭০০ | ৪২৫০ | ১২৯৫০ | ১৯৪৩ |

## অডিট ফি (রাজস্ব) আদায় হিসাব মে/২০২৬ পর্যন্ত

| সমিতির ক্যাটাগরী | ২০২৪-২০২৫ ধার্য্য | মোট আদায় | আদায়ের হার |
|---|---|---|---|
| কেন্দ্রীয় | ৫৮২৮০/- | ২৮২৮০/- | ৪৯% |
| প্রাথমিক | ২২২৪৭১০/- | ১৩৪৪৯৪০/- | ৬০% |
| মোট= | ২২৮২৯৯০/- | ১৩৭৩২২০/- | ৬০% |

## সমবায় উন্নয়ন তহবিল আদায় হিসাব মে/২০২৬ পর্যন্ত

| সমিতির ক্যাটাগরী | ২০২৪-২০২৫ ধার্য্য | মোট আদায় | আদায়ের হার |
|---|---|---|---|
| কেন্দ্রীয় | ৩৬৮২৮/- | ৮৪৮১/- | ২৩% |
| প্রাথমিক | ১৫২২৩৭৭/- | ৯৯৯৫২৫/- | ৬৬% |
| মোট= | ১৫৫৯২০৫/- | ১০০৮০০৬/- | ৬৫% |